

উপাচার্য মহোদয়ের সাথে মার্কেটিং বিভাগের ইপিআর টিমের সৌজন্য সাক্ষাৎ



৭ আগস্ট-২০১৮ বুধবার, সকাল ১১ টায় উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এর সাথে জগন্নাথ বিশ্ববিদ্যালয় মার্কেটিং বিভাগের External Peer Review Team (EPR) এর সদস্যবৃন্দ সৌজন্য সাক্ষাৎ করেন।

এসময় ভুটানের Royal University এর Visiting Faculty professor Dr. Singye Namgyel, ঢাকা বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের বিশেষজ্ঞ অধ্যাপক মোঃ জাকির হোসেন ভূঁইয়া, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়ার IQAC এর অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. কাজী আখতার হোসেন উপস্থিত ছিলেন। এছাড়াও IQAC জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পরিচালক অধ্যাপক ড. কামরুল আলম খান, IQAC এর অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. আইন-উল-হুদা ও IQAC অতিরিক্ত পরিচালক ড. রাজিনা সুলতানা, মার্কেটিং বিভাগের অধ্যাপক ও Self-Assessment Committee এর সদস্য ড. মোঃ জাকির হোসেন, বিভাগের সহযোগী অধ্যাপক ও Self-Assessment Committee এর প্রধান মো. জাহির উদ্দিন আরিফ ও সদস্য ড. মোহাম্মদ আব্দুল্লাহ মাহফুজ উপস্থিত ছিলেন।